**প্রশিক্ষণ ক্যাম্পের অবস্থান:**

**এ বছর ঢাকার ডেমরাতে অবস্থিত করিম জুট মিলের প্রশিক্ষণ ডরমিটরীতে** সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন করা হয়েছে।

**প্রশিক্ষণ কোর্সের বৈশিষ্ট্য :**

অন্যান্য প্রশিক্ষণ কর্মসূচী থেকে সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ কর্মসূচী একটু ভিন্নতর। এ প্রশিক্ষণ কর্মসূচীর একটি ঐতিহ্য রয়েছে।

- পুরাতন ঐতিহ্যের ধারা অনুসারে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ক্যাম্পে তাঁবুতে থাকেন। তবে এ বছর তাবুর পরিবর্তে আবাসিক ভবনে ক্যাম্প করার ব্যবস্থা করা হয়েছে
- প্রশিক্ষণার্থীগণ মাঠে হাতে কলমে ভূমি জরিপ কাজ পরিচালনা শেখেন।
- মাঠে ব্যবহারিক বিষয়ের পাশাপাশি শ্রেণীকক্ষে তাত্ত্বিক বিষয়ে শিক্ষাদানের ব্যবস্থা রয়েছে।

**প্রশিক্ষণ পদ্ধতি :**

- এ প্রশিক্ষণ কর্মসূচীকে দু'ভাগে ভাগ করা হয়েছে।

**যৌথ ক্যাম্পে প্রশিক্ষণ:**

- প্রথম ৩০ কর্মদিবস প্রশিক্ষণার্থীদের সম্মিলিতভাবে যৌথ ক্যাম্পে প্রশিক্ষণ দেয়া হবে।
- চারজন প্রশিক্ষণার্থীকে নিয়ে একটি দল গঠন করা হবে।
- প্রত্যেক দলকে আনুমানিক ৩০/৪০ একর জমি সরজমিনে ভূমি জরিপ করে নক্সা অংকনের জন্য বরাদ্দ করা হবে।
- প্রশিক্ষণার্থীগণ সার্ভে এন্ড সেটেলমেন্টের কলা-কৌশল সম্পর্কে হাতে কলমে শিক্ষা লাভ করবেন।
- প্রশিক্ষণ প্রদানের জন্য অভিজ্ঞ সার্ভেয়ার ও কানুনগোগণ নিয়োজিত থাকবেন।
- উপরন্তু একজন কারিগরি উপদেষ্টা প্রয়োজনীয় পরামর্শ দেবেন। প্রত্যহ অপরাহ্নে পাঠ্যক্রম অনুযায়ী ক্লাশ নেয়া হবে।
- এতদ্ব্যতীত ভূমি আইন ব্যবস্থাপনায় দীর্ঘ দিনের অভিজ্ঞতাসম্পন্ন বিশিষ্ট ব্যক্তিবর্গকে বক্তা হিসেবে আমন্ত্রণ জানানোর ব্যবস্থা করা হবে।

**বিভক্ত ক্যাম্পে প্রশিক্ষণ:**

- যৌথ ক্যাম্পের পর নির্ধারিত তারিখে প্রশিক্ষণার্থীগণ বিভক্ত ক্যাম্পে বিভিন্ন জেলায় যোগদান করবেন।
- যে সকল জেলায় বর্তমানে জরিপের কাজ চলছে, সেখানে তাঁরা জরিপের বিভিন্ন স্তরের কাজ যথাঃ-খানাপুরী, বুঝারত, তসদিক, আপত্তি ও আপীলের কাজ সম্পর্কিত বিষয় সংশ্লিষ্ট সেটেলমেন্ট অফিসারের তত্ত্বাবধানে বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করবেন।

**মূল্যায়ণ পদ্ধতি :**

প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণের মান ও কার্যাবলী মূল্যায়ণের ব্যবস্থা রাখা হয়েছে।

- যৌথ ক্যাম্পের তত্ত্বীয় ও মাঠ পর্যায়ের প্রশিক্ষণ শেষে বস্তুনিষ্ঠ লিখিত পরীক্ষার মাধ্যমে প্রশিক্ষণার্থীগণকে মূল্যায়ন করা হবে।
- অংশগ্রহণকারী সকল কর্মকর্তার প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ণ প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বিভাগে পাঠানো হয়ে থাকে।

নিম্নবর্ণিত বিষয়ের উপর পরীক্ষা গ্রহণের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন করা হবে :

| | |
|---|---|
| (ক) লিখিত পরীক্ষা | ৫০ নম্বর |
| (খ) ব্যবহারিক পরীক্ষা | ২৫ নম্বর |
| (গ) মৌখিক পরীক্ষা | ১০ নম্বর |
| (ঘ) কোর্স পরিচালক ও কোর্স সমন্বয়কের মূল্যায়ণ | ১০ নম্বর |
| (ঙ) নিয়মিত উপস্থিতি ও সহঃ কোর্স সমঃ (আঃ) কর্তৃক মূল্যায়ণ | ০৫ নম্বর |
| মোট | ১০০ নম্বর |

**থাকার ব্যবস্থা :**

- প্রশিক্ষণার্থীগণের থাকার জন্য বর্তমানে আবাসিক ভবনে থাকার ব্যবস্থা করা হয়েছে।
- প্রতিজনের থাকার জন্য ০১টি করে ক্যাম্প খাটের ব্যবস্থা ব্যবস্থা করা হয়েছে।

- কোন বিছানা/ বেডিং, লেপ, তোষক, বালিশ, কাথা কোর্স হতে সরবরাহ করা হয়না। নিজকে ব্যবস্থা করতে হয়।
- মহিলা প্রশিক্ষণার্থীগণের জন্য আলাদা ফ্লোরে থাকার ব্যবস্থা করা হয়েছে।
- যেসব মহিলা প্রশিক্ষণার্থীগণের সাথে ছোট বাচ্চা থাকবে তাদের সাথে নিজ সহায়তাকারীর থাকার ব্যবস্থা থাকবে।
- কোন প্রশিক্ষণার্থীর পরিবারের সদস্য বা অতিথিদের জন্য কোন বাসস্থানের ব্যবস্থা নেই।
- তবে আর্দালীদের আলাদা থাকার ব্যবস্থা রয়েছে।

- **টিম লিডার:** প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে সিনিয়র একজনকে টিম লিডার করা হবে।

- রান্না ও খাওয়ার ব্যবস্থা প্রশিক্ষণার্থীগণ নিজেরাই করবেন। তবে কুকের ব্যবস্থা করা হবে তবে তার বেতনাদি প্রশিক্ষণার্থীদের নিজেদের তহবিল হতে পরিশোধ করতে হবে।
- রান্নাঘরের ব্যবস্থা থাকবে এবং অফিসারগণ ইচ্ছা করলে নিজ উদ্যোগ/ সম্মিলিতভাবে মেস করে খাওয়ার ব্যবস্থা করতে পারবেন। সম্মিলিতভাবে খাওয়ার ক্ষেত্রে হাড়ি-পাতিল ও চুলা, খাওয়ার উপকরণ (প্লেট, গ্লাস ইত্যাদি) ক্যাম্প থেকে সরবরাহ করা হবে।
- যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি মেস কমিটি গঠন করা হবে। উক্ত মেস কমিটি বাজার করা এবং রান্না-বান্নার প্রয়োজনীয় ব্যবস্থা করবে তবে কোর্সের পক্ষ থেকে রান্নার তৈজসপত্র সরবরাহের এবং রাধুনী পাওয়ার সহায়তা করা হবে।
- প্রত্যেক অফিসার একজন আর্দালি/ পিয়ন সাথে করে নিয়ে আসতে পারবেন। প্রশিক্ষণার্থীগণ নিজ নিজ অফিস থেকে এ আর্দালি/ পিয়নের বেতন-ভাতাদি পরিশোধ করতে পারবেন।
- একা একা খেতে চান এমন কেহ থাকলে রান্না করতে জানে এমন লোক সাথে আনা ভাল।
- এ অফিস হতে খাওয়া বাবদ কোন অর্থ প্রদান করা হয়না। প্রশিক্ষণার্থীগণের নিজ অর্থে প্রয়োজন মিটাবেন এবং সকল ব্যয়ভার (যাতায়াত পূর্ণাংগ টিএ/ডিএ নিজ নিজ অফিস হতে উত্তোলন করবেন।

**খাওয়ার ব্যবস্থা : মেস কমিটির জন্য একজন পিএমসি ২জন  সহকারী পিএমসি (৩ ক্যাডার হতে তিনজন পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন) নিয়োগ করতে হবে।**

**একজন মহিলা প্রশিক্ষণার্থী যিনি মেস কমিটির উপদেষ্টা হবেন।**

**বাজার :**

- সার্ভে এন্ড সেটেলমেন্ট প্রশিক্ষণ ক্যাম্প থেকে মাত্র ১.৫ কিলোমিটার দক্ষিণে বড় একটি বাজার রয়েছে। প্রশিক্ষণার্থীগণ ঐ বাজার থেকে তাঁদের প্রয়োজনীয় পণ্যসামগ্রী ও দৈনন্দিন কেনাকাটা করতে পারবেন। রাধুনি নিজেও বাজার করে ব্যবস্থা করবেন।

**বইপত্র :**

- লিখিত পরীক্ষা এবং প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণ সম্পর্কে স্পষ্ট ধারণা লাভের জন্য এবং কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার্থে প্রশিক্ষণার্থীগণ অফিস হতে আইন, বিধি ও ম্যানুয়াল কোর্স সংগ্রহ করতে পারেন
- সবার জন্য একটি বই প্রদানের ব্যবস্থা রাখা হয়েছে।
- ওয়াই-ফাই কানেকশন সবার জন্য নিশ্চিত করা হয়েছে।
- ক্লাস লেকচার গুগল ড্রাইভে রাখা হচ্ছে যা ওয়েব সাইট হতে ডাউনলোডের সুযোগ রাখা হয়েছে।

**নিত্য ব্যবহারযোগ্য দ্রব্যাদির তালিকা :**

- (ক) টর্চ লাইট　(খ) মশারী　(গ) বিছানা/ বালিশ
- (ঘ) শীতকালীন গরম কাপড়/ লেপ/ কম্বল/ তোষক　(ঙ) হ্যাট/ ক্যাপ　(চ) মজবুত কেডস
- (ছ) মাঠে ব্যবহার উপযোগী শার্ট, প্যান্ট (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার, কামিজ)

**পোষাক :**

- মাঠে কাজ করার উপযোগী শীতকালীন গরম কাপড় শার্ট, প্যান্ট (মহিলাদের ক্ষেত্রে সালোয়ার কামিজ) ইত্যাদি সংগে আনতে হবে।
- ক্লাস চলাকালীন স্মার্ট ক্যাজুয়াল (ফুলশার্ট, প্যান্ট মহিলাদের ক্ষেত্রে সালোয়ার কামিজ, শাড়ী)

**স্বাস্থ্য :**

- ক্যাম্পে একজন খন্ডকালীন ডাক্তার নিয়োগের ব্যবস্থা করা হয়েছে। চিকিৎসা নিতে পারেবেন।
- **নিরাপত্তা: পুলিশী নিরাপত্তার ব্যবস্থা করা আছে (পুলিশকে ইনফর্ম করা আছে।**

**ছুটি সংক্রান্ত :**

- যৌথ ক্যাম্প চলাকালে সাপ্তাহিক ছুটি হিসেবে শুধু শুক্রবার ও শনিবার এবং অন্যান্য সরকারী ছুটি ভোগ করা যাবে। তবে সেক্ষেত্রে কোর্স পরিচালক/ সমন্বয়কারীর অনুমতি গ্রহণপূর্বক ক্যাম্পে রক্ষিত রেজিস্টারে নাম লিপিবদ্ধ করে ক্যাম্প ত্যাগ করতে হবে।
- প্রতি সপ্তাহে যেকোন ১/২ দিন সান্ধ্যকালীন প্রশিক্ষণ ক্লাস থাকবে।
- উল্লেখ্য, এটি একটি সম্পূর্ন আবাসিক ও সার্বক্ষনিক প্রশিক্ষণ।

**বিনোদন :**

- ক্যাম্পে ভলিবল,
- ক্যারাম,
- দাবা ও ব্যাডমিন্টন খেলার ব্যবস্থা থাকবে।
- ব্যাডমিন্টন খেলার র‌্যাকেট ও কর্ক প্রশিক্ষণার্থীগণকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে।
- তাঁরা ইচ্ছা করলে কর্তৃপক্ষের অনুমতি নিয়ে বিনোদনমূলক অনুষ্ঠানের আয়োজন করতে পারবেন।
- যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি ক্রীড়া কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি ভলিবল, ব্যাডমিন্টন ও ক্যারাম ইত্যাদি খেলাধূলার আয়োজন করবে।
- যোগদানকৃত প্রশিক্ষণার্থীদের মধ্যে থেকে একটি সাংস্কৃতিক কমিটি গঠন করা হবে। উক্ত কমিটি কোর্স সমন্বয়কারীর অনুমতি নিয়ে মাঝে মাঝে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে।